# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৪৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২) নামায আদায় করার পর পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في انتظار الصلاة بعد الصلاة

আরবী

(صحيح) و عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ صَلَّيْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَغْرِبَ فَرَجَعَ مَنْ رَجَعَ وَعَقَّبَ مَنْ عَقَّبَ فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُسْرِعًا قَدْ حَفَزَهُ النَّفَسُ وَقَدْ حَسَرَ عَنْ رُكْبَتَيْهِ فَقَالَ أَبْشِرُوا هَذَا رَبُّكُمْ قَدْ فَتَحَ بَابًا مِنْ أَبْوَابِ السَّمَاءِ يُبَاهِي بِكُمْ الْمَلَائِكَةَ يَقُولُ انْظُرُوا إِلَى عِبَادِي قَدْ قَضَوْا فَرِيضَةً وَهُمْ يَنْتَظِرُونَ أُخْرَى. (رواه ابن ماجه)

বাংলা

৪৪৫. (সহীহ্) আবদুল্লাহ বিন আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সাথে মাগরিবের নামায আদায় করলাম। তারপর যাদের কাজ ছিলো তারা ফিরে গেল এবং যারা বসে থাকার তারা বসে থাকলো। এমন সময় রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দৌড়িয়ে মসজিদে প্রবেশ করলেন। সে সময় তিনি দ্রুত নিঃশ্বাস ছাড়ছিলেন এবং তার হাঁটু থেকে কাপড় উঠিয়ে নিয়েছিলেন। এসে তিনি বললেনঃ

"তোমরা সুসংবাদ গ্রহণ কর। তা এই যে তোমাদের পালনকর্তা এখনি আসমানের একটি দরজা খুলে দিয়েছেন এবং তোমাদেরকে নিয়ে ফেরেশতাদের সামনে গর্ব করছেন। তিনি বলছেন: দেখ আমার বান্দাদেরকে তারা একটি ফরয নামায শেষ করেছে এবং আরেকটি নামাযের অপেক্ষা করছে।"

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনে মাজাহ ৮০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88224

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন